



বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ  
৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা  
নেটওয়ার্ক শাখা  
প্রশাসন অনুবিভাগ  
www.idra.org.bd

তারিখ: ১৬ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ  
৩০ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৫৩.০৩.০০০০.০১৪.৬৯.০০১.১৭.১০

বিষয়: ২০২৪-২৫ শিক্ষাবর্ষে **Masters in Actuarial Science, Masters in Actuarial Management** এবং  
প্রফেশনাল একচুয়ারির জন্য আংশিক বৃত্তি বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশ।

সূত্র: আর্থিক প্রতিষ্ঠা বিভাগের স্মারক নম্বরঃ ৫৩.০০.০০০০.৪১১.২৪.০০১.২০ (অংশ-১)-১৬ তারিখঃ ২৪ জানুয়ারি ২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের স্মারকের পরিপ্রেক্ষিতে, দেশে প্রয়োজনীয় সংখ্যক একচুয়ারি সৃষ্টির লক্ষ্যে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে আর্থিক প্রতিষ্ঠান  
বিভাগের আওতাধীন **Masters in Actuarial Science, Masters in Actuarial  
Management** এবং প্রফেশনাল একচুয়ারির জন্য আংশিক বৃত্তি বিজ্ঞপ্তি প্রস্তুত করা হয়েছে। উক্ত বিজ্ঞপ্তি নিজ নিজ  
প্রতিষ্ঠানের ওয়েবসাইটে (স্ক্রল আকারে) প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বিজ্ঞপ্তি দৃষ্টব্য।

৩০-০১-২০২৪

এস. এম. মাসুদুল হক  
পরিচালক(গবেষণা ও উন্নয়ন)

০২৪১০৫১৩৮৬

directorrnd@idra.org.bd

বিতরণ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মুখ্য নির্বাহী কর্মকর্তা (সকল) লাইফ কোম্পানিসমূহ এবং
- ২। মুখ্য নির্বাহী কর্মকর্তা (সকল) নন-লাইফ কোম্পানিসমূহ।

স্মারক নম্বর: ৫৩.০৩.০০০০.০১৪.৬৯.০০১.১৭.১০/১ (৫)

তারিখ: ১৬ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ  
৩০ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। নির্বাহী পরিচালক (সকল), বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
- ২। পরিচালক (সকল), বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
- ৩। চেয়ারম্যান মহোদয়ের স্টাফ অফিসার, আইডিআরএ (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৪। উপ-পরিচালক, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এবং
- ৫। সদস্য মহোদয়গণের সহকারীগণ, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (সদস্য মহোদয়গণের সদয় অবগতির জন্য)।

০১৪৬)-০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ  
(বীমা শাখা)  
www.fid.gov.bd

নম্বর-৫৩.০০.০০০০.৪১১.২৪.০০১.২০২০ (অংশ-১)-১৪


২৭ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ  
১১ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

## বৃত্তি বিজ্ঞপ্তি

বিষয় : ২০২৪-২৫ শিক্ষাবর্ষে Masters in Actuarial Science, Masters in Actuarial Management এবং প্রফেশনাল একচুয়ারির জন্য আংশিক বৃত্তির দরখাস্ত আহ্বান।

দেশে একচুয়ারি সৃষ্টির লক্ষ্যে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে Masters in Actuarial Science, Masters in Actuarial Management এবং প্রফেশনাল একচুয়ারির জন্য মডিউল ভিত্তিক পরীক্ষায় অংশগ্রহণপূর্বক আংশিক বৃত্তি প্রদানের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে ও নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা হচ্ছে:

- ১। Masters in Actuarial Science ও Masters in Actuarial Management ডিগ্রির জন্য যুক্তরাজ্যের City, University of London এর Bayes Business School (Formerly Cass Business School) থেকে Unconditional Offer Letter থাকতে হবে। Conditional Offer Letter সংবলিত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে;
- ২। বয়সসীমা: ৩১-০৩-২০২৪ তারিখে সর্বোচ্চ ৩৫ বছর এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, সাধারণ বীমা কর্পোরেশন, জীবন বীমা কর্পোরেশন এবং জাতীয় পেনশন কর্তৃপক্ষে কর্মরত নিজস্ব প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৪০ বছর তবে মডিউল ভিত্তিক আবেদনকারীর বয়সসীমা শিথিলযোগ্য;
- ৩। সরকারি কর্মকর্তাদের ক্ষেত্রে আবেদনকারীর চাকুরী স্থায়ী হতে হবে এবং চাকরিতে প্রবেশের পর বিদেশে মাস্টার্স ডিগ্রি সম্পন্ন করে থাকলে এ মাস্টার্স কোর্সের জন্য বিবেচিত হবেন না। তবে যে সকল শিক্ষার্থী যুক্তরাজ্যের Institute and Faculty of Actuaries, UK (IFoA-UK) বা অন্য কোন দেশের সমমানের প্রতিষ্ঠানে নিবন্ধনকরত: মডিউল ভিত্তিক নির্ধারিত পরীক্ষায় অংশগ্রহণের মাধ্যমে প্রফেশনাল পরীক্ষায় অংশগ্রহণ করতে ইচ্ছুক তারাও আংশিক বৃত্তির জন্য আবেদন করতে পারবে।
- ৪। সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত সংস্থা, বিধিবদ্ধ সরকারি প্রতিষ্ঠান, রাষ্ট্রায়ত্ত সরকারি প্রতিষ্ঠান, সরকারি-বেসরকারি বীমা কোম্পানি (লাইফ/নন-লাইফ)-তে চাকরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। তবে প্রার্থীগণ আবেদনের অগ্রিম কপি নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে পারবেন;
- ৫। বৃত্তিপ্ৰাপ্ত ব্যক্তি অধ্যয়ন শেষে দেশে ফিরে কমপক্ষে ০৫ বছর দেশের বীমা খাত/জাতীয় পেনশন কর্তৃপক্ষের সাথে যুক্ত থাকতে হবে;
- ৬। আগ্রহী প্রার্থীগণ আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ওয়েবসাইট (www.fid.gov.bd ও www.idra.org.bd) থেকে আবেদনপত্রের ফরম ডাউনলোড করতে পারবেন;
- ৭। সম্প্রতি তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতার সকল সনদ, পরীক্ষার মার্কশিট/গ্রেড পয়েন্টের সত্যায়িত কপি, জাতীয় পরিচয়পত্র, পাসপোর্ট এর সত্যায়িত কপি, TOEFL/IELTS পরীক্ষার ফলাফল এর সত্যায়িত কপি, Unconditional Offer Letter/IFoA বা সমমানের প্রতিষ্ঠান হতে মডিউল ভিত্তিক পরীক্ষায় অংশগ্রহণের প্রমাণকসহ নিম্নস্বাক্ষরকারী বরাবরে ডাকযোগে অথবা সরাসরি পৌছাতে হবে;
- ৮। আবেদনের সময়সীমা আগামী ৩১ মার্চ, ২০২৪ তারিখ, রবিবার, বিকাল ০৫:০০ টা এবং
- ৯। কর্তৃপক্ষ যে কোন সময় এ বিজ্ঞপ্তি বাতিল/পরিবর্তন এবং পরিবর্ধন এবং যে কোন বৃত্তিপ্ৰাপ্ত ব্যক্তির আবেদন বিবেচনা/বাতিলের নিরঙ্কুশ ক্ষমতা সংরক্ষণ করেন।



(মোঃ জাহিদ হোসেন)

যুগ্মসচিব

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়

ও

☎ ০২-৫৫১০১৩৮৭

ই-মেইল: ds.insurance@fid.gov.bd